

## প্রেস বিজ্ঞপ্তি

### দুর্যোগ ও জরুরী প্রস্তুতিমূলক চূড়ান্ত ১২ টি উদ্ভাবনী ধারণার ঘোষণা

২৪শে এপ্রিল, ২০১৮।

ডেপ ইনোভেশন ল্যাব, ঢাকা।

আজ ২৪শে এপ্রিল ২০১৮ তারিখে বেলা ১২টায়, ঢাকা ক্লাবের পদ্মা হল প্রাপ্তনে দুর্যোগ ও জরুরী প্রস্তুতিমূলক উদ্ভাবনী ল্যাব বাংলাদেশের চূড়ান্ত ১২টি উদ্ভাবনী ধারণার সহ উদ্ভাবকের নাম প্রকাশ করেছে। গত ১৭ই অক্টোবর ২০১৭ ইং তারিখ থেকে ডেপ উদ্ভাবনী ল্যাব এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এই ল্যাব স্বাস্থ্য, নির্মিত পরিবেশ, যোগাযোগ ব্যবস্থা ও সামাজিক উদ্যোগ খাতে উদ্ভাবনী ধারণার খোঁজে "নিরাপদ সমাজের জন্য উদ্ভাবন" শিরোনামে একটি ক্যাম্পেইন শুরু করে বিগত ২৫শে ডিসেম্বর ২০১৭ থেকে ৩১শে জানুয়ারী ২০১৮ পর্যন্ত। এর পর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারন করা হয় বাছাইকৃত সেরা ১২ উদ্ভাবনী ধারণা।

ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ, চূড়ান্ত বাছাইকৃত ১২ জন উদ্ভাবককে তাদের প্রকল্প বাস্তবায়নে গবেষণা ও অন্যান্য কাজের জন্য সার্বিক আর্থিক, কারিগরি সহ অন্যান্য সুযোগসুবিধা প্রদান করবে বলে জানান, উদ্ভাবনী ল্যাব ব্যবস্থাপক, ডঃ ফুয়াদুল ইসলাম।

উক্ত অনুষ্ঠানে স্টার্ট নেটওয়ার্ক এর ভাবয়্যা শ্রীনিবাসন, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট এর চেয়ারম্যান প্রফেসর কাজী কামরুজ্জামান এবং প্রকল্প ও গবেষণা বিভাগের পরিচালক গোলাম মোস্তফা, ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ এর সকল সদস্য এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা কমিউনিটি হাসপাতাল, সিডস টেকনিক্যাল সার্ভিস, ভারত; সেন্টার ফর রিসার্চ অন দা এপিডেমোলোজি, বেলজিয়াম; ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়া; এবং এশিয়ান ডিজাস্টার রিডাকশন এন্ড রেসপন্স নেটওয়ার্ক, এই ৫ সহযোগী প্রতিষ্ঠানের সম্মিলিত উদ্যোগে গঠিত ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ। এটি ইউকে এইড এর অর্থায়নে এবং স্টার্ট নেটওয়ার্ক ও সি.ডি.এ.সি. নেটওয়ার্কের সহ ব্যবস্থাপনায় পরিচালিত গ্লোবাল ল্যাব এর একটি অংশ।

## প্রেস বিজ্ঞপ্তি

### দুর্যোগ ও জরুরী প্রস্তুতিমূলক চূড়ান্ত ১২ টি উদ্ভাবনী ধারণার ঘোষণা

২৪শে এপ্রিল, ২০১৮।

ডেপ ইনোভেশন ল্যাব, ঢাকা।

আজ ২৪শে এপ্রিল ২০১৮ তারিখে বেলা ১২টায়, ঢাকা ক্লাবের পদ্মা হল প্রাঙ্গনে দুর্যোগ ও জরুরী প্রস্তুতিমূলক উদ্ভাবনী ল্যাব বাংলাদেশের চূড়ান্ত ১২টি উদ্ভাবনী ধারণার সহ উদ্ভাবকের নাম প্রকাশ করেছে। গত ১৭ই অক্টোবর ২০১৭ ইং তারিখ থেকে ডেপ উদ্ভাবনী ল্যাব এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এই ল্যাব স্বাস্থ্য, নির্মিত পরিবেশ, যোগাযোগ ব্যবস্থা ও সামাজিক উদ্যোগ খাতে উদ্ভাবনী ধারণার খোঁজে "নিরাপদ সমাজের জন্য উদ্ভাবন" শিরোনামে একটি ক্যাম্পেইন শুরু করে বিগত ২৫শে ডিসেম্বর ২০১৭ থেকে ৩১শে জানুয়ারী ২০১৮ পর্যন্ত। এর পর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারণ করা হয় বাছাইকৃত সেরা ১২ উদ্ভাবনী ধারণা।

ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ, চূড়ান্ত বাছাইকৃত ১২ জন উদ্ভাবককে তাদের প্রকল্প বাস্তবায়নে গবেষণা ও অন্যান্য কাজের জন্য সার্বিক আর্থিক, কারিগরি সহ অন্যান্য সুযোগসুবিধা প্রদান করবে বলে জানান, উদ্ভাবনী ল্যাব ব্যবস্থাপক, ডঃ ফুয়াদুল ইসলাম।

উক্ত অনুষ্ঠানে স্টার্ট নেটওয়ার্ক এর ভাব্যা শ্রীনিবাসন, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট এর চেয়ারম্যান প্রফেসর কাজী কামরুজ্জামান; প্রফেসর মাহমুদুর রহমান, সমন্বয়ক এবং প্রকল্প ও গবেষণা বিভাগের পরিচালক গোলাম মোস্তফা, ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ এর সকল সদস্য এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা কমিউনিটি হাসপাতাল, সিডস টেকনিক্যাল সার্ভিস, ভারত; সেন্টার ফর রিসার্চ অন দা এপিডেমোলোজি, বেলজিয়াম; ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়া; এবং এশিয়ান ডিজাস্টার রিডাকশন এন্ড রেসপন্স নেটওয়ার্ক, এই ৫ সহযোগী প্রতিষ্ঠানের সম্মিলিত উদ্যোগে গঠিত ডেপ উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ। এটি ইউকে এইড এর অর্থায়নে এবং স্টার্ট নেটওয়ার্ক ও সি.ডি.এ.সি. নেটওয়ার্কের সহ ব্যবস্থাপনায় পরিচালিত গ্লোবাল ল্যাব এর একটি অংশ।